

125

নকল করতে

না দেওয়ায়—

জেলা প্রতিনিধি : পরীক্ষায় নকল করতে না দেওয়ায় ছাত্রের ছুরিকাঘাতে খুন হয়েছেন সুনামগঞ্জ সরকারি কলেজের শিক্ষক জয়ন্ত কুমার দে (৫২)। প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল মঙ্গলবার বিকালে কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত ডিগ্রি পরীক্ষা শেষে রিকশা চড়ে বাসায় ফেরার পথে স্থানীয় সদর হাসপাতালের সামনে আবদুল আজিজ নামে এক ছাত্র তাকে পেছন থেকে ছুরিকাঘাত করে। গুরুতর আহত অবস্থায় জয়ন্ত দে-কে সঙ্গে সঙ্গে হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন। যাতক ছাত্র আবদুল আজিজ এ বছর ঐ কলেজ থেকে বি-এসসি পরীক্ষা দিচ্ছিল। শিক্ষককে ছুরি মেরে পালিয়ে যাওয়ার সময় পথচারী ছাত্র-জনতা তাকে ধরে ফেলে। ধৃত আবদুল আজিজকে পরে পুলিশে সোপর্দ করা হয়। সে এখন সদর থানা হাজতে রয়েছে।

নিহত শিক্ষক জয়ন্ত কুমার দে সুনামগঞ্জ সরকারি কলেজের পদার্থবিদ্যার ডেপুটি হেডমাস্টার ছিলেন। তিনি বিনয়ী ও সদালাপী শিক্ষক হিসেবে জনপ্রিয় ছিলেন। তার মৃত্যুতে শহরে শোকের ছায়া নেমে আসে।